

(https://www.bahumatrik.com/media/Advertisement/dnc-Awareness.html)

‘চতুর্থ শিল্প বিপ্লবে আইসিটিতে দক্ষ জনশক্তির বিকল্প নাই’

১৩ সেপ্টেম্বর ২০২০ রবিবার, ১১:৫২ এএম

বহুমাত্রিক ডেস্ক

5

গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরামের আয়োজনে গত ১২ সেপ্টেম্বর (২০২০) রাতে "চতুর্থ শিল্প বিপ্লব ও ডিজিটাল বাংলাদেশ" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। ওয়েবিনারে বক্তাগণ চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাবনা, চ্যালেঞ্জ ও করণীয় বিষয়ে আলোকপাত করেন।

প্রধান অতিথির বক্তব্যে জুনায়েদ আহমেদ পলক এমপি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইসিটিতে দক্ষ জনশক্তির বিকল্প নাই। সরকার এই চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্বমানের প্রযুক্তিবিদ গড়ে তোলার লক্ষ্যে শেখ হাসিনা ইনস্টিটিউট ফর ফ্রন্টিয়ার টেকনোলজিস (শিফ্‌ট) প্রতিষ্ঠা করছে। ডিজিটাল বাংলাদেশসের সকল অর্জনসমূহকে সমুন্নত রাখতে,ডিজিটাল নেতৃত্ব তৈরী করতে মহামান্য রাষ্ট্রপতির সম্মতিতে এবং আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের নির্দেশনায় আইসিটি ক্যাডার বাস্তবায়নের জন্য কাজ চলমান আছে। ইতোমধ্যে আইসিটি ডিভিশন থেকে আইসিটি ক্যাডার তৈরির সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ করা হয়েছে। আমরা আশা করছি অচিরেই আইসিটি ক্যাডার বাস্তবায়িত হবে ইনশাআল্লাহ।

বিশেষ অতিথির বক্তব্যে ইঞ্জিনিয়ার আব্দুস সবুর বলেন, চতুর্থ শিল্প বিপ্লব তথা প্রযুক্তির বিপ্লবে ডিজিটাল বাংলাদেশ নেতৃত্ব দিচ্ছে। ফলে এই কোভিড মহামারিতেও শিক্ষা , ব্যবসা,স্বাস্থ্য, কৃষি সচল রাখা সম্ভব হয়েছে। ডিজিটাল বাংলাদেশের প্রয়োজনে সরকার যে আইসিটি ক্যাডার তৈরির পদক্ষেপ নিয়েছে সেজন্য আইসিটি ডিভিশনকে ধন্যবাদ জানাই। তিনি আরও বলেন, দ্রুততম সময়ে আইসিটি ক্যাডার বাস্তবায়নে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে আইসিটি ডিভিশনের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম বলেন,জাতির পিতার স্বপ্ন পূরণে প্রধানমন্ত্রীর স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গঠনে আইসিটি অন্যতম হাতিয়ার। দেশকে সত্যিকার অর্থে ডিজিটাল সার্ভিস দিতে হলে আইসিটিতে সুসংগঠিত একটি সরকারি কাঠামো থাকা দরকার,তাদের ক্যারিয়ার, দক্ষতা উন্নয়ন ইত্যাদি ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করবে। এসব বিষয় চিন্তা করেই আইসিটি ক্যাডার সৃষ্টির পদক্ষেপ নেয়া হয়েছে।

ডাক অধিদপ্তরের প্রোগ্রামার ইঞ্জিনিয়ার মোঃ মনিরুজ্জামান এর উপস্থাপনায় অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বাংলাদেশ কম্পিউটার সোসাইটির প্রেসিডেন্ট প্রফেসর ড. হাফিজ মোঃ হাসান বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইইবির বিদায়ী প্রেসিডেন্ট ও বাংলাদেশ আওয়ামীলীগ এর কেন্দ্রীয় কমিটির বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ইঞ্জিনিয়ার আব্দুস সবুর এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরামের প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার মোঃ তমিজ উদ্দীন আহমেদ অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করেন এবং তিনি বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা ও টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি ক্যাডার এখন সময়ের দাবি। উল্লেখ্য, গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত একটি তথ্য প্রযুক্তির পেশাগত সংগঠন। বর্তমানে প্রায় ১৬০০(এক হাজার ছয়শত) সদস্য রয়েছে।

বহুমাত্রিক.কম এ প্রকাশিত/প্রচারিত সংবাদ, তথ্য, ছবি, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট বিনা অনুমতিতে ব্যবহার বেআইনি।